সংবাদ

2 4 JUN 2008

## সমিতির সংবাদ সম্মেলন

# ভোকেশনাল শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্ত করার দাবি

নিজস্ব বার্তা পরিবেশক

নন-এমপিওভুক্ত বেসরকারি ভোকেশনাল শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্তকরণের দাবি জানিয়েছেন ভোকেশনাল শিক্ষক সমিতির নেতারা। তারা সাধারণ শিক্ষার ন্যায় কারিগরি শিক্ষা বোর্ডের স্বীকৃতি, ইন্সট্রাকটরদের বিষয়ভিত্তিক দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ ব্যবস্থা চালুকরণের জন্যও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি জোর দাবি জানান।

গতকাল সোমবার দুপুরে ঢাকা রিপোর্টার্স ইউনিটি কার্যালয়ে ভোকেশনাল শিক্ষক সমিতি আয়োজিত এক সংবাদ সম্মেলনে ভোকেশনাল শিক্ষক নেতারা এ দাবি জানান।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির কেন্দ্রীয় নির্বাহী কমিটির আহ্বায়ক শিকদার আবদুল হালিম। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সমিতির সদস্য সচিব মো. আলমগীর হোসেন, মো. আবুল হাসিম, মো. কামাল হোসেন, মো. শফিকুল ইসলাম, মো. মনিরুল ইসলাম প্রমুখ।

সংবাদ সম্মেলনে ভোকেশনাল শিক্ষক নেতারা বলেন, ২০০৪-২০০৫ অর্থবছর থেকে আজ পর্যন্ত একটি প্রতিষ্ঠানও এমপিওভুক্ত হয়নি। বেসরকারি মাধ্যমিক শিক্ষক নিয়োগ বিধিমালা যথাযথ অনুসরণ করে প্রায় ৫ হাজার নিয়োগপ্রাপ্ত শিক্ষক আজ মানবেতর জীবন যাপন করছে। দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির বাজারে বেতন-ভাতা পেয়েও যেখানে বেঁচে থাকা কষ্টকর, সেখানে বেতনবিহীন ওইসব শিক্ষকদের সামাজিকভাবে বেঁচে থাকাই কষ্টকর হয়ে পড়েছে।

শিক্ষক নেতারা বলেন, ১৯৯৫ সালে ৫০০ বেসরকারি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে এসএসসি ভোকেশনাল কোর্স চালু করার নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়। দক্ষ জনশক্তি তৈরিতে কোর্সটিতে ব্যাপক সাড়া পাওয়ায় ২০০১ সাল থেকে কারিগরি শিক্ষাকে গ্রাম পর্যায়ে পৌঁছানোর লক্ষ্যে সরকার প্রতিটি উপজেলায় শর্ত সাপেক্ষে বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় এ কোর্স প্রবর্তন করেন।

বর্তমানে সারা দেশে ১ হাজার ৫৯৫টি শিক্ষা প্রতিষ্ঠানে এ কোর্স চালু আছে। যার মধ্যে ৯৪৮টি প্রতিষ্ঠান এখনও এমপিওভুক্ত হয়নি। এই কোর্সের গুরুত্ব বিবেচনা করে দ্রুত শিক্ষা প্রতিষ্ঠানে প্রয়োজনীয় কাঁচামাল সরবরাহ করার আহ্বান জানানো হয়েছে।